

হাদীস সম্ভার

হাদিস নম্বরঃ ৩৭৩৯

২৯/ দু'আ ও যিকর

পরিচ্ছেদঃ সকাল-সন্ধ্যায় আল্লাহর যিকর

আরবী

وَعَنْهُ عَنِ النَّبِيِّ ﷺ أَنَّهُ كَانَ يَقُولُ إِذَا أَصْبَحَ اللَّهُمَّ بِكَ أَصْبَحْنَا وَبِكَ أَمْسَيْنَا وَبِكَ نَحْيَا وَبِكَ نَمُوتُ وَالْيَكُ النَّشُورُ وَإِذَا أَمْسَى قَالَ اللَّهُمَّ بِكَ أَمْسَيْنَا وَبِكَ نَحْيَا وَبِكَ نَمُوتُ وَالْيَكُ النَّشُورُ رَوَاهُ أَبُو دَاوُدَ وَالتِّرْمِذِيُّ وَقَالَ حَدِيثٌ حَسَنٌ

বাংলা

(৩৭৩৯) উক্ত রাবী হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সকালে এই দু'আ পড়তেন, 'আল্লাহুম্মা বিকা আসবাহনা অবিকা আমসাইনা, অবিকা নাহইয়া, অবিকা নামূতু আইলাইকান নুশূর।'

অর্থাৎ, হে আল্লাহ! তোমারই হুকুমে আমাদের সকাল হল এবং তোমারই হুকুমে আমাদের সন্ধ্যা হয়, তোমারই হুকুমে আমরা জীবিত থাকি, তোমারই হুকুমে আমরা মৃত্যু বরণ করব এবং তোমারই দিকে আমাদের পুনর্জীবন। আর সন্ধ্যায় এই দু'আ পড়তেন,

'আল্লাহুম্মা বিকা আমসাইনা, অবিকা নাহইয়া, অবিকা নামূতু আইলাইকান নুশূর।'

অর্থাৎ, হে আল্লাহ! তোমারই হুকুমে আমাদের সন্ধ্যা হল, তোমারই হুকুমে আমরা জীবিত থাকি, তোমারই হুকুমে আমরা মৃত্যু বরণ করব এবং তোমারই দিকে আমাদের পুনর্জীবন।

ফুটনোট

(আবু দাউদ ৫০৭০, তিরমিযী ৩৩৯১, হাসান)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67487>